যুগান্তর

# কওমি মাদ্রাসা সম্পর্কে মেননের বক্তৃতার প্রতিবাদে বিক্ষোভ

প্রকাশ : ০৭ মার্চ ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

যুগান্তর রিপোর্ট

জাতীয় সংসদে কওমি মাদ্রাসা, ইসলামী অনুশাসন ও আল্লামা আহমদ শফীসহ আলেম সমাজ সম্পর্কে ওয়ার্কার্স পার্টির সভাপতি রাশেদ খান মেননের বক্তৃতার তীব্র প্রতিবাদ জানিয়েছে বাংলাদেশ খেলাফত আন্দোলন। বুধবার জাতীয় প্রেস ক্লাবের সামনে বিক্ষোভপূর্ব সমাবেশে বক্তারা এ প্রতিবাদ জানান। বিক্ষোভ সমাবেশে নেতারা বলেন, এমন জঘন্য বক্তব্য দিয়ে রাশেদ খান মেনন সংসদ সদস্য পদে থাকার যোগ্যতা হারিয়েছেন। অবিলম্বে তাকে সংসদ থেকে বহিষ্কার করতে হবে। স্বাধীনতার পর থেকে তারা দেশে অরাজকতা সৃষ্টি করে আসছে। তার বিচার না হওয়ায় আজ তারা ওলামায়ে কেরামের বিরুদ্ধে কথা বলার দুঃসাহস দেখিয়েছে। খেলাফত আন্দোলনের আমীর মাওলানা শাহ আতাউল্লাহ হাফেজ্জীর সভাপতিত্বে উপস্থিত ছিলেন- দলের মহাসচিব মাওলানা হাবীবুল্লাহ মিয়াজী, নায়েবে আমীর মাওলানা মুজিবুর রহমান হামিদী, যুগ্ম মহাসচিব মাওলানা আবদুল মান্নান, মাওলানা ফিরোজ আশরাফি, সাংগঠনিক সম্পাদক মুফতি সুলতান মহিউদ্দীন, মাওলানা সানাউল্লাহ, মাওলানা সাইফুল ইসলাম সুনামগঞ্জী, মাওলানা সাজেদুর রহমান ফয়েজী ও মাওলানা আ ফ ম আকরাম প্রমুখ। বিক্ষোভ সমাবেশ শেষে একটি বিক্ষোভ মিছিল জাতীয় প্রেস ক্লাব থেকে হাইকোর্ট চত্বর প্রদক্ষিণ করে সচিবালয়ের সামনে পুলিশের বাধায় পুনরায় প্রেস ক্লাবের সামনে এসে দোয়ার মাধ্যমে শেষ করে। এ সময় খেলাফত আন্দোলনের কর্মীরা রাশেদ খান মেননের ছবিতে জুতাপেটা করে অগ্নিসংযোগ করেন।

**ভারপ্রাপ্ত সম্পাদক :** সাইফুল আলম, **প্রকাশক :** সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।